

ড. এ আর খান এর মৃত্যুতে বাংলাদেশ এনভায়রনমেন্ট নেটওয়ার্ক (অস্ট্রেলিয়ান চ্যাপ্টার)
এর পক্ষ থেকে গভীর শোক প্রকাশ

বাংলাদেশ এস্ট্রেনেমিকাল এসোসিয়েশন এর প্রাক্তন সভাপতি জ্যোতির্বিজ্ঞানী ড. এ আর খান এর মৃত্যুতে বাংলাদেশ এনভায়রনমেন্ট নেটওয়ার্ক (বেন), অস্ট্রেলিয়ান চ্যাপ্টার এর পক্ষ থেকে গভীর শোক প্রকাশ ও তার প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পন করছি। ড. এ আর খান গতকাল সোমবার (২৫ মে) বাংলাদেশ সময় ভোর ৫ টার দিকে লন্ডনের সেন্ট মেরি হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৪ বছর।

বিজ্ঞান চর্চার প্রসারের পাশাপাশি পরিবেশ রক্ষার আন্দোলনে উৎসাহ যোগানোর সাথে সাথে সরাসরি যুক্ত ছিলেন। তিনি ছিলেন সদালাপী, সজ্জন, নিরঅহংকার একজন মানুষ। ড. এ আর খান বাংলাদেশে বিশেষ করে ঢাকা শহরে বাইসাইকেলে যাতায়াতের সহায়ক পরিবেশ তৈরির অন্যতম প্রবক্তা।

তিনি অন্যদের সাইকেলে যাতায়াতে উৎসাহ প্রদান বা সরকারের প্রতি সাইকেল বান্ধব পরিবেশ তৈরির আহ্বান জানিয়েই ক্ষান্ত হননি। ৮৩ বছর বয়স পর্যন্ত নিজেও সাইকেলে করে যাতায়াত করতেন। ঢাকা শহরেও তিনি নিয়মিত সাইকেলে চলতেন এমনকি বিভিন্ন কর্মসূচীতেও যোগ দিতেন সাইকেলে করে।

তিনি বলতেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ানোর সময় তাঁর সাইকেলটি নিজ চেম্বারে রাখতেন। যাতে করে অন্যরা সাইকেলে যাতায়াতে উৎসাহী হন। বাই সাইকেলের বিভিন্ন সুবিধা তুলে ধরে ইউরোপিয়ান শহরগুলিতে কিভাবে সাইকেলের প্রসার ঘটানো হয়েছে সেই গল্প তাঁর মুখ থেকে শুনেছি।

ড. এ আর খান পরিবেশ সংরক্ষনে নদী, বন- পাহাড় রক্ষার পাশাপাশি প্রাকৃতিক পরিবেশের সঙ্গে মানিয়ে নগরায়ন ও গনপরিবহন ব্যবস্থা জোরদার করার পরামর্শ দিতেন। স্যার আজ আমাদের মাঝে নেই। কিন্তু তাঁর পরামর্শ ও জীবনাচার আমাদের জন্য অনুপ্রেরনা হয়ে থাকবে।

বিনম্র শ্রদ্ধায়

কামরুল আহসান খান

সমস্বয়ক

বাংলাদেশ এনভায়রনমেন্ট নেটওয়ার্ক (বেন)

অস্ট্রেলিয়ান চ্যাপ্টার